

2018/SEM/ODD/BNGH-502/197

TDC Odd Semester Exam., 2018

BENGALI
(Honours)

(5th Semester)

Course No. : BNGH-502

(ভারতীয় সাহিত্যতত্ত্ব)

পূর্ণমান : ৫০

উত্তীর্ণমান : ১৭

সময় : ২ ঘণ্টা

পার্সঙ্খ সংখ্যা পূর্ণমান নির্দেশক



১। ‘ধন্যালোক’ গ্রন্থের রচয়িতার নাম কী? টীকাকার কে?

“কাব্যের আত্মা ধ্বনি বলে যাঁরা শুরু করেছেন, কাব্যের আত্মা
রস বলে তাঁরা উপসংহার করেছেন। বাক্যং রসাত্মকং কাব্যম্।”
মন্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করো।

১+১+১২=১৪

অথবা

২। ঔচিত্য কী? কাব্যবিচারে কবির কিসের ঔচিত্য মেনে চলেন,
আলোচনা করো।

২+১২=১৪

J9/301

(Turn Over)

৩। “উভয়ের আখ্যানমূলে ঐক্য দেখিতে পাই।” এখানে কোন্ দুই আখ্যানের কথা বলা হয়েছে? “কেহ যদি তরুণ বৎসরের ফুল ও পরিণত বৎসরের ফল, কেহ যদি মর্ত ও স্বর্গ একত্রে দেখিতে চায়, তবে শকুন্তলায় তাহা পাইবে।” মন্তব্যটি কোন্ পাশ্চাত্য কবির? ‘শকুন্তলা’ প্রবন্ধ অবলম্বনে উদ্ধৃত মন্তব্যটি বিশ্লেষণ করো।

১+১+১২=১৪

অথবা

৪। ‘কুমারসম্ভব ও শকুন্তলা’ প্রবন্ধটি কবে, কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়েছিল? “‘কুমারসম্ভব ও শকুন্তলা’ নিবন্ধে রবীন্দ্রনাথ শুধু সাহিত্য ও শিল্পরসগত প্রশ্নগুলি বিবেচনা করেন নি, জীবনের মহত্তর উদ্দেশ্য কী সেই দিকটির কথাই তার সময়ের দেশকালের পটভূমিতে বলতে চেয়েছেন।” এ প্রসঙ্গে তোমার অভিমত ব্যক্ত করো।

২+১২=১৪

৫। ‘নিজেকে নিয়েই কবিতা’ এই সিদ্ধান্তটি কোন্ পত্রিকায় কবিরা জানিয়েছিলেন? পত্রিকাটির সম্পাদক কারা ছিলেন? “প্রতিষ্ঠানকে ভাঙতে চাওয়া যৌবনের ধর্ম। জীবনকে মৃত্যুর চোখে দেখা যৌবনের ধর্ম। তিল তিল প্রতি মুহূর্তে মৃত্যুকে লক্ষ্য করা, তাকে আঘাত করা, তার দ্বারা আহত হওয়া যৌবনের ধর্ম।” প্রতিষ্ঠানের বিরুদ্ধে দাঁড়িয়ে কবিতার এই যৌবন ধর্মের জয়যাত্রা কীভাবে সূচিত হতে পারে, তোমার পঠিত ‘শব্দ ও সত্য’ প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো।

১+১+১২=১৪

অথবা

৬। ‘শব্দ আর সত্য’ প্রবন্ধগ্রন্থের প্রথম প্রকাশকাল কত? গ্রন্থটিতে মোট কয়টি প্রবন্ধ আছে? ‘রুচির সমগ্রতা’ প্রবন্ধে পাঠকের রুচির সমগ্রতা বিষয়ে কবি-প্রাবন্ধিক শঙ্খ ঘোষের যে উপলক্ষের প্রকাশ ঘটেছে তা নিজের ভাষায় ব্যক্ত করো।

১+১+১২=১৪

৭। সংক্ষেপে লেখ/উত্তর দাও (যে কোনো দুটি) :

৪×২=৮

(ক) সাধারণীকরণ প্রক্রিয়া

(খ) সহৃদয়হৃদয়সংবাদী বলতে কি বোঝ?

(গ) “যক্ষের যে মেঘ নগনদী—নগরীর উপর দিয়া উড়িয়া চলিয়াছে, পাঠকের বিরহ-কাতর দীর্ঘনিশ্বাস তাহার সহচর হইয়াছে।” নিহিতার্থ বিশ্লেষণ করো।

(ঘ) কবিতার মিল নিয়ে শঙ্খ ঘোষের ভাবনা

